একাডেমিক শাখা
রেজিস্ট্রার দপ্তর
প্রশাসনিক ভবন ৫ম তলা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম, বাংলাদেশ
তারিখ : ২৮.১২.২০২৫

# ভর্তি পরীক্ষা

## শিক্ষাবর্ষ : ২০২৫-২০২৬

## ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি :

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থী ও সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে -

১. পরীক্ষার্থীদের সকাল ১০:৩০ টার মধ্যে তাদের স্ব স্ব আসন নিশ্চিত করতে হবে। প্রবেশপত্র প্রদর্শনপূর্বক পরীক্ষার্থীরা পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে। বেলা ১১:০০ টার পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।

২. প্রবেশপত্রের নির্দেশনা অনুযায়ী প্রার্থীরা ভর্তির ওয়েবসাইটে (https://admission.cu.ac.bd) লগইন করে সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিটের ভর্তি পরীক্ষার ৪৮ ঘন্টা পূর্বে থেকে নিজ নিজ আসনের অবস্থান জানতে পারবে। সিট প্ল্যান দেখার আগে অবশ্যই প্রবেশপত্র ডাউনলোড করতে হবে।

৩. প্রত্যেক পরীক্ষার্থীর ডাউনলোডকৃত এক কপি প্রবেশপত্র ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড অথবা A লেভেলের Statement of Entry (প্রযোজ্য ক্ষেত্রে) এর মূলকপি ভর্তি পরীক্ষার দিন অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে।

৪. পরীক্ষার্থীরা পরীক্ষার হলে Fx-100 বা এর নিচে সাধারণ মানের ক্যালকুলেটর (Memory Option /সীম ব্যতীত) ব্যবহার করতে পারবে। পরীক্ষার হলে প্রার্থীর মোবাইল ফোন, স্মার্ট ওয়াচ, ব্লু-টুথ ও অন্যান্য মাধ্যমে যোগাযোগ করা যায় এমন যেকোনো ডিভাইস সঙ্গে রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। তবে B ইউনিট এবং B1, B2 ও D1 উপ-ইউনিট ভর্তি পরীক্ষায় পরীক্ষার হলে পরীক্ষার্থীদের Calculator সঙ্গে রাখা ও ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ।

৫. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আগত সকল পরীক্ষার্থী, পরীক্ষার্থীর অভিভাবক এবং সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করা হলো।

৬. অপ্রত্যাশিত ভীড় এড়ানো ও আইনশৃঙ্খলা রক্ষার স্বার্থে আগত পরীক্ষার্থীদের সাথে একের অধিক অভিভাবক চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে না আসার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

৭. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অতীতের ন্যায় বিধিবদ্ধ নিয়মনীতি কঠোরভাবে অনুসরণপূর্বক অত্যন্ত গোপনীয়তা ও সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করে প্রশ্নপত্র প্রণয়নসহ ভর্তি পরীক্ষা সংক্রান্ত সার্বিক কার্যক্রম পরিচালনা করছে।
এ বিষয়ে কারো কাছে কোনো অভিযোগ দৃষ্টিগোচর হলে তা পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ সময়ের ন্যূনতম ১ (এক) ঘন্টা পূর্বে (সকাল ৯:৩০ মি: এর পূর্বে) সকল প্রমাণাদিসহ সংশ্লিষ্ট ইউনিট কো-অর্ডিনেটরের কাছে লিখিত অভিযোগ করা যাবে। এ সময়ের পরে পরীক্ষা বা প্রশ্নপত্র সংক্রান্ত কোনো অভিযোগ গ্রহণ করা হবে না।
সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকসহ অন্যকোনো মাধ্যমে যেকোনো ধরনের অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার জন্য ভর্তি পরীক্ষার্থী ও তাদের অভিভাবক এবং সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো যাচ্ছে।

৯. ভর্তি পরীক্ষায় কারো বিরুদ্ধে কোনো ধরনের অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে কর্তব্যরত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন।

১০. পরীক্ষার্থীদের সঙ্গে আগত অভিভাবকবৃন্দকে নিরাপত্তার স্বার্থে তাঁদের জাতীয় পরিচয়পত্র অথবা নিজস্ব পরিচয়পত্র (যদি থাকে) সার্বক্ষণিক সঙ্গে রাখার জন্য অনুরোধ করা হলো।
বিস্তারিত তথ্যাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইট (https://admission.cu.ac.bd) এ পাওয়া যাবে।

আদেশক্রমে-

২৮.১২.২০২৫

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
এবং সচিব, ভর্তি কমিটি।

/ছদর/